

প্রতিবাদ (Protest)

©©Deepak Sarkar, Written on 9/1999, Redwood Shores, California

অন্যায় যে করে আর অন্যায় যে সহে,
তব ঘৃণা যেন তাহে তৃণ সম দহে।

তাই আসুন বন্ধুগন - আজ,
প্রতিবাদ করুন, প্রতিবাদ করুন।
পাড়ায়, পাড়ায়, নিজেরই পাড়ায়, প্রতিবাদ করুন।
পাড়ায়, পাড়ায়, নিজেরই পাড়ায়,
প্রতিটি মানুষ, প্রতিটি নগর, প্রতিটি শহর প্রতিবাদ করুন।

তাই আসুন বন্ধুগন - আজ,
ব্যবহার করুন, ব্যবহার করুন।
প্রতিবাদের যত হাতিয়ারগুলো সব ব্যবহার করুন।
কাগজ, টেলিফোন, Electronic Mail, গলার আওয়াজ
ব্যবহার করে আজ প্রতিবাদ করুন।

তাই আসুন বন্ধুগন - আজ,
একএ হোন্, একএ হোন্।
বিরুদ্ধ মতবাদ ভুলে গিয়ে আজ একএ হোন্।
ট্রেনে, বাসে, স্কুলে, কলেজে, অফিসে, কারখানায়
একএ হয়ে আজ প্রতিবাদ করুন।